# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যারা বলেন যে, হাদীসটি হুমাইদ বিন আব্দুর রহমান এককভাবে বর্ণনা করেছেন, তাদের কথা অপনোদনে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "كُلُّ مَوْلُودٍ يُولَدُ عَلَى الْفِطْرَةِ فَأَبَوَاهُ يُهَوِّدَانِهِ وَيُنَصِّرَانِهِ وَيُمَجِّسَانِهِ كَمَا تَنْتِجُونَ إِبِلَكُمْ هَذِهِ هَلْ تُحِسُّونَ فِيهَا مِنْ جَدْعَاءَ؟ " ثُمَّ يَقُولُ أَبُو هُرَيْرَةَ: فَاقْرَؤُوا إِن شئتم {فِطْرَتَ اللَّهِ الَّتِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا لَا تَبْدِيلَ لِخَلْقِ اللَّهِ} "
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : شعيب الأرنؤوط | المصدر : صحيح ابن حبان
الصفحة أو الرقم: 130 | خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা

১৩০. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা’আলা আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “প্রত্যেক শিশু ইসলামের সঠিক আকীদা-বিশ্বাসের উপর জন্ম গ্রহন করে, অতঃপর তার বাবা-মা তাকে ইহুদি, খ্রীষ্টান ও অগ্নীপূজক বানায়। যেমনভাবে তোমাদের উষ্ট্রীগুলো বাচ্চা দেয়, তাতে কি তোমরা কান কাটা দেখতে পাও? আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহ তা’আলা আনহু বলেন: তোমরা চাইলে মহান আল্লাহর নিম্নোক্ত বাণী পড়ে দেখতে পারো: আল্লাহর ফিতরাত (স্বভাবজাত চেতনা, ইসলামের সঠিক আকীদা-বিশ্বাস, একাত্ববাদ) যার উপর তিনি মানুষকে সৃষ্টি করেছেন, আল্লাহর সৃষ্টির কোন পরিবর্তন নেই।” (সূরা রূম: ৩০) [1]

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "فَأَبَوَاهُ يُهَوِّدَانِهِ وَيُنَصِّرَانِهِ وَيُمَجِّسَانِهِ" مِمَّا نَقُولُ فِي كُتُبِنَا إِنَّ الْعَرَبَ تُضِيفُ الْفِعْلَ إِلَى الْآمِرِ كَمَا تُضِيفُهُ إِلَى الْفَاعِلِ فَأَطْلَقَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْمَ التَّهَوُّدِ وَالتَّنَصُّرِ وَالتَّمَجُّسِ عَلَى مَنْ أَمَرَ وَلَدَهُ بِشَيْءٍ مِنْهَا بِلَفْظِ الْفِعْلِ لَا أَنَّ الْمُشْرِكِينَ هُمُ الَّذِينَ يُهَوِّدُونَ أَوْلَادَهُمْ أَوْ يُنَصِّرُونَهُمْ أَوْ يُمَجِّسُونَهُمْ دُونَ قَضَاءِ اللَّهِ عَزَّ وَجَلَّ فِي سَابِقِ عِلْمِهِ فِي عبيده على حسب مَا ذَكَرْنَاهُ فِي غَيْرِ مَوْضِعٍ مِنْ كُتُبِنَا وهذا كقول بن عُمَرَ إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَلَقَ رَأْسَهُ فِي حَجَّتِهِ يُرِيدُ بِهِ أَنَّ الْحَالِقَ فَعَلَ ذَلِكَ بِهِ صَلَّى

اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا نَفْسَهُ وَهَذَا كَقَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "مَنْ حِينَ يَخْرُجُ أَحَدُكُمْ مِنْ بَيْتِهِ إِلَى الصَّلَاةِ فَخُطْوَتَاهُ إِحْدَاهُمَا تَحُطُّ خَطِيئَةً وَالْأُخْرَى تَرْفَعُ دَرَجَةً" يُرِيدُ أَنَّ اللَّهَ يَأْمُرُ بِذَلِكَ لَا أَنَّ الْخُطْوَةَ تَحُطُّ الْخَطِيئَةَ أَوْ تَرْفَعُ الدَّرَجَةَ وَهَذَا كَقَوْلِ النَّاسِ الْأَمِيرُ ضَرَبَ فُلَانًا أَلْفَ سَوْطٍ يُرِيدُونَ أَنَّهُ أَمَرَ بِذَلِكَ لا أنه فعل بنفسه.

আবু  হাতিম রাহিমাহুল্লাহ বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাণী “প্রত্যেক শিশু স্বভাবজাত বৈশিষ্ট্যের উপর জন্ম গ্রহন করে”আমরা আমাদের কিতাবে বলেছি যে, ক্রিয়াকে যেমনভাবে তার কর্তার দিকে সম্পর্কিত করা হয় অনুরুপভাবে আরবরা কোন কোন সময় ক্রিয়াকে নির্দেশদাতার দিকে সম্পর্কিত করে থাকেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইয়াহুদী, খ্রীষ্টান ও অগ্নীপূজক বানানোর ক্রিয়াকে এসব হওয়ার নির্দেশদাতার প্রতি সম্পর্কিত করেছেন। এখানে এর উদ্দেশ্য এটা নয় যে, বান্দার ব্যাপারে আল্লাহর পূর্বজ্ঞান অনুসারে তাঁর ফায়সালা ছাড়াই মুশরিকরা তাদের সন্তানকে ইয়াহুদী, খ্রীষ্টান বা অগ্নীপূজক বানায়। এসব আমরা আমাদের কিতাবের অন্যত্র বর্ণনা করেছি। এটি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু তা’আলা আনহুমা এর উক্তির মতই। তিনি বলেছেন: “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হজ্জের সময় মাথা মুন্ডন করেছিলেন।” এর দ্বারা উদ্দেশ্য হলো মুন্ডনকারী তাঁকে মুন্ডন করে দিয়েছিলেন। উদ্দেশ্য এটা নয় যে, তিনি নিজেই মাথা মুন্ডন করেছিলেন। এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিম্নোক্ত বাণীর মতই: তোমাদের কেউ যখন তার বাড়ি থেকে সালাতের উদ্দেশ্যে বের হয়, তখন তার দুই পদক্ষেপের এক পদক্ষেপ পাপ মোচন করে দেয় আরেক পদক্ষেপ মর্যাদা সমুন্নত করে দেয়। এর দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহ এমনটা করতে নির্দেশ দেন, এর অর্থ এটা নয় যে, খোদ পদক্ষেপই পাপ মুছে দেয়।  এটি মানুষের এই কথার মতই: “আমীর ওমুক ব্যক্তিকে প্রহার করেছেন।” এর দ্বারা উদ্দেশ্য হলো আমীর প্রহার করার নির্দেশ দিয়েছেন; এর উদ্দেশ্য এটা নয় যে, আমীর নিজেই তাকে প্রহার করেছেন।”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৫৯৯; সহীহ মুসলিম: ২৬৫৮; মুসন্নাফ আব্দুর রাযযাক: ২০০৮৭; ইমাম বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৪; মুসনাদ আহমাদ; ২/২৭৫। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল ইরওয়া: ১২২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88230

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন